

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৩৪  
আগরতলা, ০৭ ডিসেম্বর, ২০১৭।।

পতাকা দিবস : সৈনিক বোর্ডের পক্ষ থেকে  
মুখ্যমন্ত্রীকে পতাকা পরানো হল

আজ সারা দেশ জুড়েই পালিত হচ্ছে সশস্ত্র বাহিনীর পতাকা দিবস। এই উপলক্ষে রাজ্য সৈনিক বোর্ডের পক্ষ থেকে আজ সন্ধ্যায় মহাকরণে মুখ্যমন্ত্রী মানিক সরকারকে পতাকা পরানো হয়। মুখ্যমন্ত্রী সশস্ত্র বাহিনীর পতাকা দিবস তহবিলে অর্থ প্রদান করেন।

\*\*\*\*\*